#### **PRINT**

## MAMAK

# রাবিপ্রবির স্থায়ী ক্যাম্পাসের কাজ শুরু শিগগিরই -ইউজিসি চেয়ারম্যান

১০ ঘণ্টা আগে

### রাঙামাটি অফিস

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রাবিপ্রবি) জন্য ইতিমধ্যে শহরের ঝগড়াবিল মৌজার ৬৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। ক্যাম্পাসে জমির ডিজিটাল সার্ভে সম্পন্ন করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের জন্য চলতি বছরেই ২২৭ কোটি টাকা ব্যয়ে মাস্টার প্ল্যান তৈরি করে অচিরেই স্থায়ী ক্যাম্পাস নির্মাণের কাজ শুরু করা হবে। তিনি রাবিপ্রবিকে সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে স্থানীয়দের সহায়তা কামনা করেন।

শনিবার রাঙামাটি পর্যটন হলিডে কমপ্লেক্সে আয়োজিত বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা বাংলাদেশ প্রেক্ষিত শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি এসব কথা বলেন।

কর্মশালায় রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অঞ্জন কুমার চাকমার সভাপতিত্বে অন্যদের মধ্যে রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. প্রদানেন্দু বিকাশ চাকমা বক্তব্য দেন। এ সময় শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব জাকিয়া পারভিন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উপসচিব শাহিন সিরাজসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

### © সমকাল 2005 - 2018

সম্পাদক: গোলাম সারওয়ার। প্রকাশক: এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com